# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৬৮সি/সংস্থা/৮২(শিম)/৩৬১ তারিখ: ০৩/০৮/২০২৩

**বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০০৯.২২.১৯৬ তারিখ ৩০/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত কার্যক্রমসমূহ আপনার সদয় অবগতি ও কার্যার্থে এসঙ্গে প্রেরণ করা হলো।

**প্রফেসর তপন কুমার সরকার**
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১৫২৩৫

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**(দৃষ্টি আকর্ষণ: জনাব মো: গোলাম জাকারিয়া, উপসচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা)**

C:\Users\USER\Downloads\২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন.docx

# ০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

১৯২১ সালের ৭ই মে পূর্ব পাকিস্তান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা নামে যাত্রা শুরু হয় এ প্রতিষ্ঠানের। বোর্ডের অর্ডিন্যান্স অনুসারে ঢাকা জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তদারকি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাবলিক পরীক্ষাসমূহ পরিচালনা ও উন্নয়নের জন্য ক্ষমতাপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান যা পূর্ব পাকিস্তান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অর্ডিন্যান্স ১৯৬১ ও এর ১৯৬২ খ্রিস্টাব্দের ষোড়শ এবং ১৯৭৭ খ্রিস্টাব্দের সপ্তদশ সংশোধনী দ্বারা দায়িত্বপ্রাপ্ত।

নিম্নে ২০২২-২০২৩ অর্থবছরে উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ তুলে ধরা হলো:

**(ক)** ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ৪,১৬,৪২৬ জন, উত্তীর্ণের সংখ্যা ৩,২২,৯৩২ জন ও পাশের হার ৭৭.৫%

২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ২,৭৬,৯৩৪ জন, উত্তীর্ণের সংখ্যা ২,৪৩,২২১ জন ও পাশের হার ৮৭.৮%

**(খ)** ২০২২-২৩ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তির সংখ্যা ৩,৪৮,৯৪৬ জন

**(গ)** ২০২২-২৩ শিক্ষাবর্ষে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে ম্যানেজিং কমিটি ও গভর্নিংবডি অনুমোদনের সংখ্যা ১০৯৬ টি, শিক্ষার্থীদের সনদ বিতরণের সংখ্যা (ফ্রেশ কপি +দ্বিনকল ) ১,৩৭,৫৬৭ টি, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সংখ্যা ১৪৯ টি, নাম সংশোধনের সংখ্যা ৩৩,১৫৪ টি, আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অভিযোগ নিষ্পত্তির সংখ্যা ৩১টি।

**(ঘ)** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ, কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর মোট ৬৪২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**(ঙ)** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধিমালা ২০২৩ এর সংশোধিত প্রস্তাব চূড়ান্ত করা রয়েছে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড আইন-২০২২ এর খসড়া চূড়ান্ত করে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল স্থাপনের পাশাপাশি হৃদয়ে বঙ্গবন্ধু, ডিজিটাল ডিসপ্লে বোর্ড, দেয়ালিকা, পানির ফোয়ারা, ১নং ভবনের ৫ম তলা বর্ধিতকরণ, ল্যাম্পপোস্ট নির্মাণ করা হয়েছে।

**কার্যক্রমের বিভিন্ন চিত্রসমূহঃ**





ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পণ




**বোর্ডের কর্মকর্তা কর্মচারীদের মধ্যে হিসাব সংক্রান্ত তথ্য সংরক্ষণ, অডিট আপত্তি ও নিষ্পত্তি, চাকুরীবিধি ও শৃঙ্খলা, কর্মদক্ষতা উন্নয়ন, শিষ্ঠাচার ও অফিস ব্যবস্থাপনা এবং Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) বিষয়ক কর্মশালা**




২০/০২/২০২৩ তারিখে শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণে সম্মানিত অতিথিবৃন্দ।





## ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত অনলাইন আবেদন


## মোট

| ক্রমিক নং | মোট প্রাপ্ত আবেদন | নিষ্পত্তিকৃত আবেদন | শতকরা |
|---|---|---|---|
| ১। | ২১৮৮২৯ | ২০৬৫২৯ | ৯৪.৩৮% |


## শাখাভিত্তিক




কলেজ শাখা (অনুমোদন)
মোট নথি : 578






বিদ্যালয় শাখা (অনুমোদন)
মোট নথি : 2494





বিদ্যালয় শাখা (নিবন্ধন)
মোট নথি : 24482






| ক্রমিক নং | শাখার নাম | মোট আবেদন | নিষ্পত্তিকৃত আবেদন | শতকরা |
|---|---|---|---|---|
| ১ | কলেজ শাখা | ৮৯৭৪ | ৮৯৪৬ | ৯৯.৬৯% |
| ২ | বিদ্যালয় শাখা | ২৬৯৭৬ | ২৬৮৬২ | ৯৯.৫৮% |
| ৩ | বৃত্তি শাখা | ৪৪১১৯ | ৩৩১৫৪ | ৭৫.১৪% |
| ৪ | সনদ শাখা | ১৩৮৭৬০ | ১৩৭৫৬৭ | ৯৯.১৪% |




বিভিন্ন শাখা কর্তৃক সেবা প্রদানের হার চার্ট

উল্লেখযোগ্য তথ্য:

- বোর্ডের নিকট বিভিন্ন ব্যক্তি/শিক্ষা প্রতিষ্টানের প্রাপ্য অর্থ বাবদ ১৪৮,৭২,৫৫,৭৪৮/- (একশত আটচল্লিশ কোটি বাহাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত আটচল্লিশ) টাকা পরিশোধ করা হয়েছে।
- ইজিপি টেন্ডারের মাধ্যমে ১০ টি ক্রয় সম্পাদন করা হয়েছে।
- নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে মোট স্বীকৃতি নবায়নকৃত প্রতিষ্ঠানের সংখ্যা ৬৬০ টি


**প্রফেসর তপন কুমার সরকার**

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৯৬১৫২৩৫